

ঢাকা অঞ্চলের ২১ স্কুল- কলেজের ৩০ ভবনকে ঝুঁকিপূর্ণ ঘোষণা

ইত্তেফাক ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ২১ এপ্রিল ২০২৪, ২৩:০০



UNIBOTS

ঢাকা অঞ্চলের ২১টি শিক্ষা প্রতিষ্ঠানের ৩০টি ভবন ঝুঁকিপূর্ণ। ঝুঁকিপূর্ণ এসব ভবনের সামনে সাইনবোর্ড টানানোর নির্দেশ দিয়েছে সরকার।

দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন



রোববার (২১ এপ্রিল) মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতর এসব ঝুঁকিপূর্ণ ভবনের তালিকা প্রকাশ করেছে।

নির্দেশনায় বলা হয়েছে, বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংকের অর্থায়নে ‘আরবান রেজিলিয়েন্স প্রকল্প: রাজউক অংশ’ নামে প্রকল্পের আওতায় নিয়োগ করা পরামর্শ সেবা প্রতিষ্ঠান ওইসব অধিক ঝুঁকিপূর্ণ ভবন ভেঙ্গে ফেলার সুপারিশ করেছে।

রাজউকের পাঠানো তালিকা অনুযায়ী ইতোমধ্যে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের আওতাধীন ৪২টি অধিক ঝুঁকিপূর্ণ ভবন সাত দিনের মধ্যে খালি করাসহ সিলগালা বা ভেঙ্গে ফেলার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানগুলোর প্রধানকে নির্দেশনা দিয়ে গত ৩ এপ্রিল একটি চিঠি জারি করে। এর মধ্যে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের আওতায় ৩০টি অধিক ঝুঁকিপূর্ণ ভবন রয়েছে।

ভবনের তালিকা

রাজধানীর বাড্ডার বাড্ডা আলতাফুল্লাহা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের ৫ তলা ভবন ও বাড্ডা আলতাফুল্লাহা উচ্চ মাধ্যমিক স্কুল অ্যান্ড কলেজের ৫ তলা ভবন, সাভারের ভাকুর্তা সরকারি উচ্চবিদ্যালয়ের ২য় তলা ভবন, নারায়ণগঞ্জ সদরের দেলপাড়া সরকারি উচ্চবিদ্যালয়ের ৪ তলা ভবন, রাজধানীর ঢাকার পাটুয়াটুলির ঢাকা কলিজিয়েট স্কুল ৫ তলা ভবন, কদমতলী থানার দনিয়া বিশ্ববিদ্যালয় কলেজের ১০ তলা ভবন, মিরপুরের সরকারি বাংলা কলেজের ৪ তলা ভবন, নারায়ণগঞ্জের বন্দর উপজেলার সরকারি কদম রসুল কলেজের ২ তলা ভবন, গাজীপুরের কালীগঞ্জ উপজেলার আড়িখোলা তুমুলিয়ার সরকারি কালীগঞ্জ শ্রমিক কলেজের ৩ তলা ভবন, রাজধানীর ডেমরা থানার উত্তর মাভার হায়দার আলি স্কুল অ্যান্ড কলেজের ৪ তলা ভবন, মিরপুর ১৩ নম্বরের হাজী আলি হোসেন উচ্চ বিদ্যালয়ের ৪ তলা ভবন, সূত্রাপুরের কবি নজরুল সরকারি কলেজের ৩ তলা ভবন, গাজীপুরের কালীগঞ্জ আর আর পাবলিক উচ্চ বিদ্যালয়ের ৩ তলা ভবন,

কেরানীগঞ্জের কালিন্দী এলাকার কেরানীগঞ্জ বালিকা স্কুল অ্যান্ড কলেজের ৩২ তলা ভবন, মালিবাগ চৌধুরীপাড়ার খিলগাঁও সরকারি উচ্চবিদ্যালয়ের ২য় তলা ভবন, সূত্রাপুরের করাতিটোলা সিএমএস উচ্চ বিদ্যালয়ের ৩ তলা ভবন, নারায়ণগঞ্জ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের ৩ তলা ভবন, নারায়ণগঞ্জ সরকারি মহিলা কলেজের ৫ তলা ভবন, যাত্রাবাড়ীর শহীদ জিয়া বালিকা স্কুল অ্যান্ড কলেজের ৪ তলা ভবন, সাভারের ভাকুর্টার শ্যামলাপুর স্কুল অ্যান্ড কলেজের ৩ তলা ভবন, রাজধানীর তেজকুনি পাড়ার তেজগাঁও মডেল উচ্চ বিদ্যালয়ের ৪ তলা ভবন, ঢাকা কলিজিয়েট স্কুলের ৩ তলা ভবন, নারায়ণগঞ্জ সদরের দেলপাড়া সরকারি উচ্চবিদ্যালয়ের ৪ তলা ভবন, গাজীপুরের কালীগঞ্জ উপজেলার সরকারি শ্রমিক কলেজের ২য় তলা ভবন, রাজধানীর ডেমরা থানার উত্তর মাভার হায়দার আলি স্কুল অ্যান্ড কলেজের ৩ তলা ভবন, নারায়ণগঞ্জ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের ৩য় তলা ভবন, নারায়ণগঞ্জ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের ৩ তলা ভবন, নারায়ণগঞ্জের সরকারি মহিলা কলেজের ২ তলা ভবন।

ইত্তেফাক/এমএএম